ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৭৩৩</u>
সোনামুড়া, ১৬ মে, ২০২৫

**নলছড়ে ৪০ জনের স্বেচ্ছায় রক্তদান**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬০তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে সম্প্রতি নলছড় দশমীঘাটস্থিত কমিউনিটি হলে এক মেগা স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। ত্রিপুরা রাজ্য কর্মচারি সংঘ-এর নলছড় ইউনিটের উদ্যোগে এবং স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস। শিবিরে এছাড়াও অতিথি হিসাবে সমাজসেবী উত্তম দাস, লোকজিৎ দেবনাথ সহ অন্যান্য বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উদ্বোধক সহ উপস্থিত অতিথিরা রক্তদানের মহৎ উদ্দেশ্য ব্যক্ত করে সমাজের সকল স্তরের মানুষকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান এবং মুমূর্ষ রোগীদের রক্তদানের মাধ্যমে জীবন বাঁচানোর মহৎকাজে অংশীদারী হওয়ার উপর গুরুত্বারোপ করেন। শিবিরে এদিন ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****